



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৫
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

প্রতিষ্ঠালগ্ন থেকে জীবন বীমা কর্পোরেশন এর ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে বিপুল সংখ্যক বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। এছাড়া, কর্পোরেশনের বিনিয়োগযোগ্য তহবিল বিনিয়োগের মাধ্যমে দেশের উন্নয়নমূলক কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করেছে। কর্পোরেশন ১৫.৭০ কোটি টাকা ঘাটতি, ২১.৮৩ কোটি টাকা লাইফ ফান্ড এবং ৬.৪৫ কোটি টাকা প্রিমিয়াম আয় এবং ১৭(সতের)টি বাণিজ্যিক ভবন (১০টি উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত) নিয়ে এর কর্মকান্ড শুরু করে। ২০২১ সালের শেষে প্রিমিয়াম আয় ৬০০ কোটি টাকা অতিক্রম করেছে এবং লাইফ ফান্ড ২৩০০ কোটি টাকা অতিক্রম করতে সক্ষম হয়েছে। বীমা গ্রহীতাগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে সকল বিভাগ ও ১২টি পুরাতন বৃহত্তর জেলা শহরে সেবা কার্যক্রম চালু করা হয়েছে। প্রবাসী কর্মীদের জীবনের ঝুঁকি ও আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সাথে প্রবাসী কর্মী গোষ্ঠীবীমা চালু রয়েছে। এছাড়াও বিদেশ ভ্রমণেচ্ছুকদের জন্য প্রয়োজনীয় বীমা স্কিমের আওতায় SCHENGEN-ভুক্ত দেশসহ বিশ্বব্যাপী বীমা সেবা প্রদান করা হচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকীতে "বঙ্গবন্ধু শিক্ষা বীমা" পাইলট ভিত্তিতে চালু হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বীমা সম্পর্কে জনগণের সচেতনতার অভাব ও অজ্ঞতা। জীবন বীমা ব্যবসায় নিয়োজিত অন্যান্য প্রতিষ্ঠানের সাথে প্রতিযোগিতায় উত্তীর্ণ হওয়া। প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলার মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিতকরণ। বীমা দাবি নিষ্পত্তির বিষয়ে জনগণের অধিকতর আস্থা অর্জন। বিনিয়োগ আয় হ্রাস। বীমার পেনিট্রেশন বৃদ্ধি। যুগোপযোগী গ্রাহকসেবা নিশ্চিত করা। কর্পোরেশনের অফিসসমূহে জনবলের অভাব।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বীমা সম্পর্কে জনগণের মধ্যে আস্থা সৃষ্টির লক্ষ্যে বীমা আইনের সকল বিধান যথাযথভাবে অনুসরণ ও যথাসময়ে বীমা দাবি নিষ্পত্তিকরণ এবং কর্পোরেশনের সকল অফিস ডিজিটাল সেবার আওতায় আনা হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে (মুজিববর্ষে) পাইলট ভিত্তিতে চালুকৃত "বঙ্গবন্ধু শিক্ষা বীমা" বৃহত্তর পরিসরে দেশব্যাপী চালু করা হবে। দেশের সকল পেশার মানুষের উপযোগী বীমা স্কিম চালু ও বিপণনের মাধ্যমে কর্পোরেশনের প্রিমিয়াম আয় বৃদ্ধি করা হবে। কর্পোরেশনের সকল অফিসে সম্পাদিত আর্থিক কার্যক্রম যথাসময়ে নিরীক্ষার আওতায় আনা হবে। কর্পোরেশনের নিয়োগযোগ্য শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে। অর্গানোগ্রাম যুগোপযোগী করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২০২২-২০২৩ অর্থ বছরে কর্পোরেশনের ৬২০ কোটি টাকা প্রিমিয়াম আয়ের লক্ষ্যমাত্রা অর্জন; কর্পোরেশনে সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে ৭০টি অফিসে অডিট কার্যক্রম সম্পাদন এবং উত্থাপিত আপত্তির ৭৫টি নিষ্পত্তিকরণ;
- ২০২২-২০২৩ অর্থবছরে উত্থাপিত মৃত্যু দাবির ৮০% নব্বই দিনের মধ্যে, মেয়াদোত্তর দাবির ৮৬% ত্রিশ দিনের মধ্যে এবং প্রত্যাশিত সুবিধার ৯০% পনেরো দিনের মধ্যে নিষ্পত্তি করা; বিভাগীয় পর্যায়ের ৮টি রিজিওনাল অফিসে ই-নথি কার্যক্রম চালু করা হবে;
- বৃহত্তর পরিসরে ২০২২-২০২৩ অর্থবছরে ৫০ হাজার নতুন গ্রাহককে "বঙ্গবন্ধু শিক্ষা বীমা"-এর আওতায় আনা হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ১৫<sup>তম</sup> মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

সকল শ্রেণি পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে আর্থিক নিরাপত্তা প্রদান করা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং পুঁজি গঠনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে অংশগ্রহণ।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কর্পোরেশনের আয় ও আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিকরণ;
২. গ্রাহক সেবার মান উন্নয়ন;
৩. সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন;
৪. বিশেষায়িত বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. দেশের সকল শ্রেণি পেশার মানুষের উপযোগী বীমা স্কিম চালু ও বিপণনের মাধ্যমে কর্পোরেশনের প্রিমিয়াম আয় বৃদ্ধিকরণ;
২. কর্পোরেশনের নতুন ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে বীমা প্রতিনিধি, উন্নয়ন অফিসার ও উন্নয়ন কর্মকর্তা নিয়োগ করার ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণের বিষয়ে অগ্রাধিকার দেয়া ;
৩. বীমা সম্পর্কে জনগণের মধ্যে আস্থা সৃষ্টির লক্ষ্যে বীমা আইনের সকল বিধান যথাযথভাবে অনুসরণ ও যথাসময়ে বীমা দাবী নিষ্পত্তিকরণ; এবং
৪. বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধির লক্ষ্যে অধিকতর জনগোষ্ঠীকে বীমা সেবার আওতায় আনা এবং সেবা প্রদান কার্যক্রম জোরদারকরণ।

সেকশন ২  
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
কর্পোরেশনের আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিকরণ	কর্পোরেশনের লাইফ ফান্ড বৃদ্ধি	কোটি টাকা	২১০০	২৩০৪	২৪০০	২৫০০	২৬০০		কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন
কর্পোরেশনের ব্যবসায় সম্প্রসারণ	কর্পোরেশনের নতুন গ্রাহকসংখ্যা বৃদ্ধি	সংখ্যা	২৫৩১৭	৩০০০০	৩০০০০	৩২০০০	৩৪০০০		কর্পোরেশনের ডাটাবেজ

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] কর্পোরেশনের আয় ও আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিকরণ;	২৫	[১.১] প্রিমিয়াম আয়	[১.১.১] অর্জিত প্রিমিয়াম আয়	সমষ্টি	কোটি টাকা	১০	৪৩৮	৫৬০	৬২০	৬৩০	৫৯০	৫৭৫	৫৬০	৬৩০	৬৪০
		[১.২] বিনিয়োগ হতে আয়	[১.২.১] বিনিয়োগ হতে অর্জিত আয়	সমষ্টি	কোটি টাকা	৩	৮৫	১০৫	১১৫	১১০	১০৫	১০০	৯৫	১২০	১২৫
		[১.৩] লাইফ পলিসি সংখ্যা বৃদ্ধি	[১.৩.১] নতুন একক পলিসির গ্রাহক সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৪	২৫৩১৭	৩০০০০	৩০০০০	২৮০০০	২৭০০০	২৬০০০	২৫০০০	৩২০০০	৩৪০০০
			[১.৩.২] গ্রুপ বীমার আওতায় গ্রাহক সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৪	০০	২৪০০	২৫০০	২৪০০	২৩০০	২২০০	২১০০	২৭০০	৩০০০
[১.৪] মাঠ পর্যায়ে বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি	[১.৪.১] নতুন বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি	সমষ্টি	সংখ্যা	৪	২০১৫	৩৩০০	৩৪০০	৩৩০০	৩২০০	৩১০০	৩০০০	৩৫০০	৩৬০০		



কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[২] গ্রাহক সেবার মান উন্নয়ন;	২৫	[২.১] ৩০ দিনের মধ্যে মেয়াদান্তর দাবি পরিশোধ	[২.১.১] ৩০ দিনের মধ্যে মেয়াদান্তর দাবি পরিশোধের হার	গড়	%	৭	৮৬	৮৬	৮৬	৮৪	৮২	৮০	৭৮	৮৭	৮৭
		[২.২] ৯০ দিনের মধ্যে মরণোত্তর দাবি পরিশোধ	[২.২.১] ৯০ দিনের মধ্যে মরণোত্তর দাবি পরিশোধের হার	গড়	%	৬	৭৮	৮০	৮০	৭৮	৭৬	৭৪	৭২	৮২	৮৪
		[২.৩] ১৫ দিনের মধ্যে প্রত্যাশিত সুবিধার দাবি পরিশোধ	[২.৩.১] ১৫ দিনের মধ্যে প্রত্যাশিত সুবিধার দাবি পরিশোধের হার	গড়	%	৬	৯০	৯০	৯০	৮৫	৮০	৭৫	৭০	৯০	৯০
		[২.৪] ১৫ দিনের দিনের মধ্যে প্রবাসী কর্মীবীমা'র দাবি পরিশোধ	[২.৪.১] ১৫ দিনের মধ্যে প্রবাসী কর্মীবীমা'র দাবি পরিশোধের হার	গড়	%	৬	০০	০০	৯০	৮৫	৮০	৭৫	৭০	৯০	৯০
[৩] সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন;	১২	[৩.১] অভ্যন্তরীণ অডিট কার্যক্রম	[৩.১.১] অডিট সংখ্যা বৃদ্ধি	সমষ্টি	সংখ্যা	৩	৬৮	৭০	৭০	৬৯	৬৮	৬৭	৬৬	৭২	৭৪

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[৩.২] উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তি	[৩.২.১] অডিট আপত্তি নিষ্পত্তির হার	গড়	%	৩	৭৫	৭৫	৭৫	৭০	৬৫	৬২	৬০	৭৫	৭৫
		[৩.৩] পরিচালনা বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[৩.৩.১] পরিচালনা বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার	গড়	%	৩	০০	০০	৮০	৭৫	৭০	৬৫	৬২	৮০	৮০
		[৩.৪] ব্যবসায় বৃদ্ধির লক্ষ্যে সমন্বয় সভা আয়োজন	[৩.৪.১] মাঠ পর্যায়ের অফিসের সাথে সমন্বয় সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	৩	০০	০০	৬	৫	৪	৩	২	৯	১২
[৪] বিশেষায়িত বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি	৮	[৪.১] 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন	[৪.১.১] গ্রাহক সংখ্যা বৃদ্ধি	ক্রমপঞ্জিভূত	সংখ্যা (হাজার)	৪	০০	৫০	১০০	৯৫	৯০	৮৫	৮০	১৫০	২০০
		[৪.২] প্রবাসী কর্মীবীমার আওতায় গ্রাহক সংখ্যা	[৪.২.১] গ্রাহক সংখ্যা বৃদ্ধি	ক্রমপঞ্জিভূত	সংখ্যা (লক্ষ)	৪	০০	৬	১০	৯.৫	৯.০	৮.৫	৮.০	১৪	১৮


কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র</b>															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

\*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



ব্যবস্থাপনা পরিচালক  
জীবন বীমা কর্পোরেশন

২৪/৬/২০২২

তারিখ



সচিব  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২৮.০৬.২০২২খ্রি.

তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	আইডিআরএ :	ইন্স্যুরেন্স ডেভেলপমেন্ট এন্ড রেগুলেটরী অথরিটি।
২	এফপিআর :	ফার্স্ট প্রিমিয়াম রিসিপ্ট
৩	জীবিক :	জীবন বীমা কর্পোরেশন

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] প্রিমিয়াম আয়	[১.১.১] অর্জিত প্রিমিয়াম আয়	উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়	ত্রৈমাসিক প্রতিবেদন
[১.২] বিনিয়োগ হতে আয়	[১.২.১] বিনিয়োগ হতে অর্জিত আয়	হিসাব বিভাগ, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[১.৩] লাইফ পলিসি সংখ্যা বৃদ্ধি	[১.৩.১] নতুন একক পলিসির গ্রাহক সংখ্যা	আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়	প্রতিবেদন
	[১.৩.২] গুপ বীমার আওতায় গ্রাহক সংখ্যা	গোষ্ঠীবীমা ডিভিশন, প্রধান কার্যালয়	ত্রৈমাসিক প্রতিবেদন
[১.৪] মাঠ পর্যায়ে বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি	[১.৪.১] নতুন বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি	গোষ্ঠীবীমা ডিভিশন, প্রধান কার্যালয়	ত্রৈমাসিক প্রতিবেদন
[২.১] ৩০ দিনের মধ্যে মেয়াদোত্তর দাবি পরিশোধ	[২.১.১] ৩০ দিনের মধ্যে মেয়াদোত্তর দাবি পরিশোধের হার	টিএ ডিভিশন, প্রধান কার্যালয়	ত্রৈমাসিক প্রতিবেদন
[২.২] ৯০ দিনের মধ্যে মরণোত্তর দাবি পরিশোধ	[২.২.১] ৯০ দিনের মধ্যে মরণোত্তর দাবি পরিশোধের হার	টিএ ডিভিশন, প্রধান কার্যালয়	ত্রৈমাসিক প্রতিবেদন
[২.৩] ১৫ দিনের মধ্যে প্রত্যাশিত সুবিধার দাবি পরিশোধ	[২.৩.১] ১৫ দিনের মধ্যে প্রত্যাশিত সুবিধার দাবি পরিশোধের হার	টিএ ডিভিশন, প্রধান কার্যালয়	ত্রৈমাসিক প্রতিবেদন
[২.৪] ১৫ দিনের দিনের মধ্যে প্রবাসী কর্মীবীমা'র দাবি পরিশোধ	[২.৪.১] ১৫ দিনের মধ্যে প্রবাসী কর্মীবীমা'র দাবি পরিশোধের হার	গোষ্ঠীবীমা ডিভিশন, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[৩.১] অভ্যন্তরীণ অডিট কার্যক্রম	[৩.১.১] অডিট সংখ্যা বৃদ্ধি	অভ্যন্তরীণ অডিট ও পরিদর্শন বিভাগ, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[৩.২] উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তি	[৩.২.১] অডিট আপত্তি নিষ্পত্তির হার	প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[৩.৩] পরিচালনা বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[৩.৩.১] পরিচালনা বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার	বোর্ড বিভাগ, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[৩.৪] ব্যবসায় বৃদ্ধির লক্ষ্যে সমন্বয় সভা আয়োজন	[৩.৪.১] মাঠ পর্যায়ের অফিসের সাথে সমন্বয় সভা আয়োজিত	উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[৪.১] 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন	[৪.১.১] গ্রাহক সংখ্যা বৃদ্ধি	গোষ্ঠীবীমা ডিভিশন, প্রধান কার্যালয়	প্রতিবেদন
[৪.২] প্রবাসী কর্মীবীমার আওতায় গ্রাহক সংখ্যা	[৪.২.১] গ্রাহক সংখ্যা বৃদ্ধি	গোষ্ঠীবীমা ডিভিশন, প্রধান কার্যালয়	প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন	গ্রাহক সংখ্যা বৃদ্ধি	বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	পত্র যোগাযোগ ও সভা
প্রবাসী কর্মীবীমার আওতায় গ্রাহক সংখ্যা	গ্রাহক সংখ্যা বৃদ্ধি	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	পত্র যোগাযোগ ও সভা

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**